

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, এপ্রিল ২৬, ২০১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
[মূল্য সংযোজন কর]  
প্রজ্ঞাপন

তারিখ: ১০ বৈশাখ, ১৪২৪ বঙ্গাব্দ / ২৩ এপ্রিল, ২০১৭ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ৯৬-আইন/২০১৭/৭৭২-মূসক।—মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৭২ এ প্রদত্ত ক্ষমতাবলে, ধারা ৫ এর উপ-ধারা (২) এর শর্তাংশ, ধারা ৬ এর উপ-ধারা (৪) এবং ধারা ৩১ এর উপ-ধারা (১) এর শর্তাংশের সহিত পঠিতব্য, জাতীয় রাজস্ব বোর্ড বাণিজ্যিক আমদানিকারক, ব্যবসায়ী ও ক্ষুদ্র খুচরা ব্যবসায়ী কর্তৃক পণ্য সরবরাহের উপর আরোপণীয় মূল্য সংযোজন কর আদায় বিধিমালা, ২০১৫ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত বিধিমালার বিধি ৭ এর দফা (ক) এর পরিবর্তে নিম্নরূপ দফা (ক) প্রতিস্থাপিত হইবে, যথা :—

“(ক) কোন নিবন্ধিত উৎপাদনকারী বা সেবা প্রদানকারী কর্তৃক Customs Act, 1969 (Act No. IV of 1969) এর আওতায় শুল্ক অনুবিভাগ কর্তৃক জারীকৃত মূলধনী যন্ত্রপাতি সংক্রান্ত প্রজ্ঞাপনের মাধ্যমে রেয়াতী সুবিধাপ্রাপ্ত যন্ত্রপাতি ও যন্ত্রাংশ এবং নিবন্ধিত উৎপাদনকারী বা সেবা প্রদানকারী কর্তৃক আমদানিকৃত উপকরণ, যন্ত্রপাতি ও যন্ত্রাংশ, যাহা সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ফরম ‘মূসক-১’, বা ‘মূসক-১ক’ বা ‘মূসক-১গ’ বা ফরম ‘মূসক-৭’ এ অন্তর্ভুক্ত রহিয়াছে;”।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

মোঃ নজিবুর রহমান  
চেয়ারম্যান।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

( ৪০৩১ )

মূল্য : টাকা ৪.০০